

গৌরবময় সুবর্ণ জয়ন্তী-

মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর একটি সফল অধ্যায়ের সূচনা

আজ থেকে পঞ্চাশ বছর আগে স্বর্গীয় ফাদার চার্লস জে ইয়াং সিএসসির অনুপ্রেরণা ও সহযোগিতায় এবং স্বর্গীয় আর্চ বিশপ লরেন্স এল গ্রেনারের পৃষ্ঠপোষকতায় মঠবাড়ী ধর্মপল্লীতে ১৯৬২ সালে ২রা জুন তারিখে “মঠবাড়ী খ্রিস্টান সমবায় ঋণদান সমিতির” জন্ম হয়, যা আজকে “মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ” নামে পরিচিত।

আজ শ্রদ্ধাভরে স্মরণ করছি সমিতির প্রতিষ্ঠা লগ্নে নিবেদিত প্রাণ তৎকালীন মঠবাড়ী ধর্মপল্লীর পাল পুরোহিত স্বর্গীয় ফাদার ফার্দিনান্ড বার্গম্যান সিএসসি ও স্বর্গীয় ফাদার জে. ম্যাকগার্ডিস সিএসসি, প্রয়াত আগষ্টিন ছেড়াও, প্রয়াত টমাস রোজারিও, প্রয়াত মাইকেল রোজারিও, প্রয়াত যোসেফ এরন রোজারিও, প্রয়াত নাইট ভিনসেন্ট রড্রিক্স (নাগরী), প্রয়াত আলফ্রেড রোজারিও, প্রয়াত পিউস রোজারিও, প্রয়াত মংলা দেশাই, প্রয়াত সিলভেস্টার গমেজ, ব্যক্তি বর্গদের যাদের অক্লান্ত পরিশ্রম, মেধা, নিরলস প্রচেষ্টায় সমবায়ের যে বীজ বপন করে এই মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন প্রতিষ্ঠা লাভ করেন। এই সমিতি প্রতিষ্ঠার প্রধান লক্ষ্য ও উদ্দেশ্য ছিল মঠবাড়ী ধর্ম পল্লীবাসীদের আর্থ সামাজিক উন্নয়ন সাধন করা। তৎকালীন সময়ে মহাজন ও সুদখোরদের হাত থেকে রক্ষা করার জন্য স্বর্গীয় ফাদার চার্লস জে ইয়াং বাংলাদেশে প্রথম ক্রেডিট ইউনিয়ন আন্দোলন শুরু করেন ১৯৫৫ সালে ৩-জুলাই ঢাকার লক্ষ্মীবাজারে, ৪৬ জন সদস্যের অংশ গ্রহণে “দি খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ ঢাকা প্রতিষ্ঠা করে এদেশে ক্রেডিট ইউনিয়নের গোরাপত্তন করেন। এই ক্রেডিট ইউনিয়নের সাফল্যে অনুপ্রাণিত হয়ে পরবর্তীতে ষাট থেকে সত্তর দশকের মধ্যে এদেশের প্রায় প্রতিটি খ্রীষ্টান ধর্মপল্লীতে ক্রেডিট ইউনিয়ন প্রতিষ্ঠিত হয়।

আজকের আমাদের মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর বর্তমান অগ্রগতি, উন্নতি, সাফল্য সকল কিছুর নেপথ্যে রয়েছে একদল নিবেদীত, নিঃস্বার্থ, ত্যাগী নেতৃত্বের আন্তরিক পরিশ্রম, অন্যদিকে সমিতির কার্যক্রমে সচেতন ও সক্রিয় সাধারণ সদস্য-সদস্যাদের অকুণ্ঠ সমর্থন ও সহযোগিতা। এই ধারা অব্যাহত থাকলে আগামীতে আমাদের ক্রেডিট ইউনিয়নের গৌরব আরও সুগভীর ও মহিমান্বিত হবে।

আজকে শ্রদ্ধাভরে স্মরণ করছি প্রয়াত ও জীবিত, যারা অক্লান্ত পরিশ্রম করে আমাদের প্রাণপ্রিয় সমিতির ইতিবাচক ধারা অব্যাহত রেখেছেন, তাঁদের প্রতি কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাচ্ছি। ভবিষ্যতেও সমিতির এই গৌরবময় সাফল্য ধরে রাখার দায়িত্ব আমাদের সকলের।

আমাদের প্রাণপ্রিয় সমিতির আজকে আমরা সুবর্ণ জয়ন্তী উদ্‌যাপন করছি, যা এক নতুন ইতিহাসের সূচনা হলো। এই গৌরবময় ইতিহাসের ধারা অব্যাহত রাখতে হবে আমাদের সকলকে। সকলকে এগিয়ে আসতে হবে আমাদের অর্থনৈতিক মুক্তির কাভারী আমাদের ক্রেডিটকে সুরক্ষার জন্য যার বর্তমান মূলধন প্রায় ৪০ কোটি টাকা। নিঃসন্দেহে এই ক্রেডিট একটি বটবৃক্ষের ন্যায় আমাদেরকে অর্থনৈতিক মুক্তির ভূমিকা পালন করে আসছে এবং ভবিষ্যতেও এ ধারা অব্যাহত থাকবে বলে আমরা বিশ্বাস করি।

সুবর্ণ জয়ন্তী উৎসবকে স্মৃতিতে ধরে রাখার জন্য আমাদের এই স্মরণিকা। এই স্মরণিকা প্রকাশ করার পেছনে অনেকেরই অবদান রয়েছে। বিজ্ঞাপণ, লেখা, বানী দিয়ে এবং বিভিন্নভাবে যারা সহযোগিতা করেছেন তাদের সকলকে জানাচ্ছি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা। আমাদের সীমাবদ্ধতা, ভুল-ত্রুটি, অপূর্ণতাগুলো ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখার জন্য সবাইকে সবিনয় অনুরোধ রাখছি। এছাড়াও প্রকাশনার কাজে সহযোগিতার জন্য বর্তমান পরিচালক মন্ডলী, ক্রেডিট ও সুপারভাইজরী কমিটি, সুবর্ণ জয়ন্তী উদ্‌যাপন কমিটিসহ সমিতির কর্মীদের জানাই তত্তরিক ধন্যবাদ।

পরিশেষে মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর সম্মানিত সকল সদস্য-সদস্যাদের জানাই গৌরবোজ্জ্বল সুবর্ণ জয়ন্তীর আন্তরিক প্রীতি ও শুভেচ্ছা।

শুভ হোক সুবর্ণ জয়ন্তী